

**Case Study**  
**Class -VII**  
**Subject-Bengali**

অনুচ্ছেদটি ভালো করে পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও:

উৎসব প্রিয় বাঙালির জীবনে উৎসবের শেষ নেই তাই বাংলায় "বারো মাসে তেরো পার্বণ"। এই উৎসবের আবার প্রকারভেদ আছে-- ধর্মীয় উৎসব, সামাজিক উৎসব, সাংস্কৃতিক উৎসব। উৎসব মানেই মাপলিক চিহ্ন, আলোর ঝলকানি, রং বেরঙের পোশাকের সমারোহ ও সুখাদ্যের ঘ্রাণ। ছোটবেলা থেকেই অনেক উৎসবের সাক্ষী হওয়ার সুযোগ আমার হয়েছে।

তার মধ্যে একটি উৎসব আমার মনের মণিকোঠায় চিরকালের জন্য জায়গা নিয়ে নিয়েছে, সেই উৎসবটি হলো আমার দিদির বিবাহ উৎসব। আনন্দ ও বিরহের দুঃখ এই দুইয়ের মিশ্রণে এই উৎসব আমার জীবনে চিরস্মরণীয়। বিয়ের আগের দিন থেকেই অতিথি সমাগমে বাড়ি সরগরম। হাসিঠাট্টায়, রঙিন কাপড়, রঙিন আলোর সমারোহে সেজে ওঠা আমাদের বাড়ি যেন তখন এক আনন্দপুরী। কাকেদের ঘুম ভাঙার আগে এযোতির দল শঙ্খধ্বনি উলুধ্বনিসহ পুকুর ঘাট থেকে তুলে আনল একঘড়া জল। যা দিয়ে কনে অর্থাৎ আমার দিদিকে স্নান করানো হবে। তারপর সন্ধ্যা নামতেই ঝলমলে আলোর মালায় সেজে উঠল আমাদের বাড়ি। মালা চন্দন গয়না আর লাল বেনারসি শাড়িতে নববধূ বেশি আমার দিদিকে সেদিন ঠিক যেন লক্ষ্মী প্রতিমার মত দেখাচ্ছিলো। নিমন্ত্রিতরাও এসে পৌঁছাতে লাগলেন। বাবা ও গুরুজনেরা অতিথি আপ্যায়ন ও অন্যান্য কাজকর্ম ভীষণ ব্যস্ত। কেউ

এসে খবর দিল বর এসেছে। মাথায় টোপার, পরনে ধুতি পাঞ্জাবি, পরিহিত জামাইবাবুকে যেন কার্তিক ঠাকুর মনে হচ্ছিল। তারপর নানা আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে সংস্কৃত মন্ত্রের উচ্চারণে সমাধা হলো বিবাহ পর্ব। অনেক রাত পর্যন্ত হৈ-হুল্লোড় করতে করতে কখন যে ঘরের এক কোণে ঘুমিয়ে পড়েছিলাম টেরও পায়নি।

প্রশ্ন:

১. এমন দুটি ধর্মীয় এবং দুটি সাংস্কৃতিক অনুষ্ঠানের নাম লেখো যে অনুষ্ঠান গুলির সাথে তুমি পরিচিত।
২. বিবাহ অনুষ্ঠান কোন ধরনের অনুষ্ঠানের মধ্যে পড়ে?
৩. পুকুর এবং নদীর মধ্যে পার্থক্য কোথায়?
৪. জামাই বাবুর স্ত্রী সম্পর্কে তোমার কে হন?
৫. গুরুজন বলতে আমরা কাদেরকে বুঝি?
- তোমার পরিবারে তোমার কতজন গুরুজন আছেন?
৬. অতিথি কোন তিথিতে আসেন?
৭. কোন রাজ্যের পোশাক ধুতি-পাঞ্জাবি ?
৮. বাংলার বারো মাসের সপ্তম মাস কোনটি? সেই মাসটি কোন ঋতুর অন্তর্গত?
৯. ধনের দেবী বলতে আমরা কাকে বুঝি?
১০. কোন উৎসবের সময় চন্দননগর আলোর মালায় সেজে ওঠে?